
পাঠ ২৩

# তালগাছ

রবীন্দ্রনাথ ঠাকুর



## পাঠের মূলকথা

'তালগাছ' কবিতায় তালগাছের বৈশিষ্ট্য ও ইচ্ছা প্রকাশ পেয়েছে। তালগাছ এক পায়ে দাঁড়িয়ে সব গাছ ছাড়িয়ে উঁচুতে মাথা তুলে থাকে। তার ইচ্ছে হয় মেঘমালা ভেদ করে আকাশে উড়ে যেতে, পাখা নেই বলে তালগাছ তা পারে না। মাথায় থাকা গোল গোল পাতাগুলোকে তার পাখা মনে হয়, সেই পাখা দিয়ে তালগাছের ওড়ার সাধ জাগে। বাতাসে তালগাছের পাতাগুলো থরথর করে কাঁপে। তারাদের এড়িয়ে আকাশে বেড়ানোর ইচ্ছা জাগে তালগাছের। এমন ভাবনার মধ্যে হঠাৎ যখন বাতাস থামে তখন তালগাছের পাতা কাঁপাও থেমে যায়। তালগাছ তার এক পায়ে দাঁড়িয়ে থাকার বিষয় অনুধাবন করে। তালগাছের মনে হয় মাটি তার মা। মাটিকে মা ভাবার পর তালগাছের ভালো লাগে পৃথিবীর কোণটি, যেখানে সে দাঁড়িয়ে আছে।

## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব—

১.১ প্রমিত উচ্চারণে বলা বাক্য ও শব্দে ব্যবহৃত বর্ণ, যুক্তবর্ণ, ফলাযুক্ত বর্ণের ধ্বনি মনোযোগ সহকারে শুনে শনাক্ত করতে পারা।

৪.১ প্রমিত উচ্চারণে ও স্বাভাবিক গতিতে বলা ছড়া, কবিতা, রূপকথা ও গল্প শুনে মূলভাব বুঝতে পারা এবং আনন্দ লাভ করব।

৫.১ বিভিন্ন ধরনের শব্দে ব্যবহৃত যুক্তবর্ণ, ফলাযুক্ত বর্ণের ধ্বনি স্পষ্ট স্বরে প্রমিত উচ্চারণে বলতে পারা।

৮.১ চিত্র ও ছবি সংবলিত বা বিহীন ছড়া, কবিতা, রূপকথা, গল্প সাবলীলভাবে বলতে পারা এবং বিষয়বস্তু বলতে পারা।

৯.১ যুক্তবর্ণ ও ফলাযুক্ত বর্ণে গঠিত শব্দ স্পষ্ট স্বরে শুদ্ধ ও প্রমিত উচ্চারণে পড়ে বুঝতে পারা।

১২.১ পাঠ্যবইয়ের ছড়া, কবিতা, রূপকথা, গল্প বিরামচিহ্ন মেনে, প্রমিত উচ্চারণে পড়ে বুঝতে পারা এবং আনন্দ লাভ করা।

১৬.১ পাঠের অন্তর্ভুক্ত ছড়া, কবিতা, রূপকথা, গল্প ও কবিতার অংশ দেখে বা না দেখে লিখতে পারা।

১৬.২ পাঠের অন্তর্ভুক্ত রূপকথা, গল্প ও কবিতার মূলভাব এবং নিজ অভিজ্ঞতা/ মতামত লিখে প্রকাশ করতে পারা।

## পিরিয়ড সংখ্যা : ৫

পিরিয়ড বিভাজন :

| | |
|---|---|
| পিরিয়ড-১১২ | তালগাছ এক------ পাখা সে? |
| পিরিয়ড-১১৩ | তাই তো-------- ফেলে তার। |
| পিরিয়ড-১১৪ | সারাদিন ঝরঝর---- যাবে ও। |
| পিরিয়ড-১১৫ | তার পরে------ পৃথিবীর কোণটি। |
| পিরিয়ড-১১৬ | সম্পূর্ণ কবিতা। |

[সূত্র : শিক্ষক সহায়িকা]

## বানান সতর্কতা

নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই—

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| দাঁড়িয়ে | উঁকি | কালো | ফুঁড়ে | থর্থর | কাঁপা | পত্তর | ওড়ে | বেড়িয়ে | এড়িয়ে |
| আরবার | কোণটি | | | | | | | | |

# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, শিখনযোগ্যতা অর্জনোপযোগী পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও গুরুত্বপূর্ণ নমুনা প্রশ্নোত্তর এ অংশে দেওয়া হলো। শিক্ষক সহায়িকায় উল্লিখিত মূল্যায়ন ক্ষেত্র ও নির্দেশনার আলোকে প্রণীত পাঠগুলো তোমাদের ধারাবাহিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

## পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর — ১ চলো, পারি কি না দেখি

### ১ শব্দ শিখি।
▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৭২

সাধ, ফুঁড়ে, পত্তর, আরবার।

**উত্তর :**

সাধ — ইচ্ছা।
ফুঁড়ে — ভেদ করে।
পত্তর — পাতা, পত্র।
আরবার — আবার।

### ২ বাক্য বলি ও লিখি।
▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৭২

তালগাছ ..........
মেঘ ..........
ইচ্ছা ..........
ঝরঝর ..........
হাওয়া ..........
পৃথিবী ..........

**উত্তর :**

তালগাছ — তালগাছ অনেক উঁচু হয়।
মেঘ — আকাশে কালো মেঘ জমেছে।
ইচ্ছা — শিশুটির মেঘ ছুঁতে ইচ্ছা করে।
ঝরঝর — আজ সারাদিন ঝরঝর বৃষ্টি হচ্ছে।
হাওয়া — হাওয়া থেমে যাওয়ায় পাতাগুলো নড়ছে না।
পৃথিবী — তালগাছটির ভালো লাগে পৃথিবীর কোণটি।

### ৩ আমার চেনা পাঁচটি গাছের নাম বলি ও লিখি।
▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৭২

**উত্তর :** আমার চেনা পাঁচটি গাছের নাম হলো– তাল, আম, জাম, কাঁঠাল, লিচু।

### ৪ যুক্তবর্ণ ভেঙে লিখি।
▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৭২

| | | | |
|---|---|---|---|
| ইচ্ছা | চ্ছ | চ + ছ | তুচ্ছ, স্বচ্ছ |
| থত্থর | ত্থ | ত + থ | উত্থান, থুত্থুরে |
| পত্তর | ত্ত | ত + ত | বৃত্ত, মত্ত |

### ৫ কবিতাটি দেখে দেখে সুন্দর করে বলি।
▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৭২

**উত্তর :** নিজে চেষ্টা করি।

### ৬ বুঝে নেই।
▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৭২

উঁকি মারে আকাশে — মুখ বাড়িয়ে আকাশ দেখে।
মেঘ ফুঁড়ে যায় — মেঘ ফুটো করে উপরে উঠে যায়।
ফেরে তার মনটি — মন ফিরে আসে।
মা যে হয় মাটি তার — তার কাছে মাটিকে মা মনে হয়।

### ৭ বলি ও লিখি।
▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৭৩

**প্রশ্ন ক. কবিতাটির কবির নাম কী?**
**উত্তর :** কবিতাটির কবির নাম রবীন্দ্রনাথ ঠাকুর।

**প্রশ্ন খ. তালগাছ কীভাবে দাঁড়িয়ে আছে?**
**উত্তর :** তালগাছ সব গাছ ছাড়িয়ে উঁচুতে মাথা তুলে এক পায়ে দাঁড়িয়ে আছে।

**প্রশ্ন গ. বাতাস হলে তালগাছের পাতা কেমন করে কাঁপে?**
**উত্তর :** বাতাস হলে তালগাছের পাতাগুলো ঝরঝর থরথর করে কাঁপে।

**প্রশ্ন ঘ. তালগাছ মনে মনে কাকে মা ভাবে?**
**উত্তর :** তালগাছ মনে মনে মাটিকে মা ভাবে।

### ৮ সঠিক উত্তরটি বলি ও লিখি।
▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৭৩

ক. **তালগাছ উঁকি মারে–**
ক. আকাশে খ. বাতাসে
গ. জানালায় ঘ. দরজায়
**উত্তর :** ক. আকাশে।

খ. **তালগাছের মনের ইচ্ছা–**
ক. সব গাছের চেয়ে উঁচুতে উঠবে
খ. কালো মেঘ ফুঁড়ে উড়ে যাবে
গ. আকাশে উঁকি মেরে দেখবে
ঘ. এক পায়ে দাঁড়িয়ে থাকবে
**উত্তর :** খ. কালো মেঘ ফুঁড়ে উড়ে যাবে।

গ. **বাতাস হলে তালগাছের–**
ক. পাতা কাঁপা থেমে যায় খ. মনের ইচ্ছা থেমে যায়
গ. থরথর করে পাতা কাঁপে ঘ. থরথর করে পা কাঁপে
**উত্তর :** গ. থরথর করে পাতা কাঁপে।

**৯ দাগ টেনে মিল করি।** ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৭৩

| | |
|---|---|
| তালগাছ | ঠিক তার মাথাতে |
| তাইতো সে | মা যে হয় মাটি তার |
| মনে সাধ | হাওয়া যেই নেমে যায় |
| তার পরে | এক পায়ে দাঁড়িয়ে |
| যেই ভাবে | কালো মেঘ ফুঁড়ে যায় |

**উত্তর :**

| | |
|---|---|
| তালগাছ | ঠিক তার মাথাতে |
| তাইতো সে | মা যে হয় মাটি তার |
| মনে সাধ | হাওয়া যেই নেমে যায় |
| তার পরে | এক পায়ে দাঁড়িয়ে |
| যেই ভাবে | কালো মেঘ ফুঁড়ে যায় |

**১০ গাছ আমাদের কী কী কাজে লাগে তা বলি ও লিখি।** ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৭৩


**উত্তর :**

১. গাছ থেকে আমরা অক্সিজেন পাই।
২. গাছ প্রকৃতির ভারসাম্য রক্ষা করে প্রাকৃতিক দুর্যোগ থেকে আমাদের রক্ষা করে।
৩. ফলদ, বনজ ও ঔষধি গাছের অবদান অপরিসীম।
৪. ঘরবাড়ি নির্মাণ, আসবাবপত্র তৈরি ও জ্বালানি কাঠ হিসেবে গাছ ব্যবহৃত হয়।

## শিক্ষক সহায়িকা অনুসরণে পিরিয়ডভিত্তিক অনুশীলন — শিখে নিই

**পিরিয়ড ১১২ | তালগাছ এক------ পাখা সে?**

**প্রশ্ন ১. ছবি দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা



**প্রশ্ন ক. ছবিতে কী দেখতে পাওয়া যায়?**
**উত্তর :** ছবিতে প্রাকৃতিক দৃশ্য দেখতে পাওয়া যায়।

**প্রশ্ন খ. ছবিতে কী কী আছে?**
**উত্তর :** ছবিতে আছে– গ্রাম, নদী, নৌকা, হাঁস এবং তালগাছ।

**প্রশ্ন ২. বাম পাশের শব্দগুলোর সাথে ডান পাশের শব্দগুলো মিল করে লেখ।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

| | |
|---|---|
| তালগাছ | গোল গোল পাতাতে |
| ঠিক তার মাথাতে | উঁকি মারে আকাশে |
| কালো মেঘ ফুঁড়ে যায় | গোল গোল পাতাতে |
| সব গাছ ছাড়িয়ে | একেবারে উড়ে যায় |

**উত্তর :**

| | |
|---|---|
| তালগাছ | উঁকি মারে আকাশে |
| ঠিক তার মাথাতে | এক পায়ে দাঁড়িয়ে |
| কালো মেঘ ফুঁড়ে যায় | গোল গোল পাতাতে |
| সব গাছ ছাড়িয়ে | একেবারে উড়ে যায় |

**প্রশ্ন ৩. 'মনে সাধ কালো মেঘ ফুঁড়ে যায়'– কথাটির অর্থ কী?**
**উত্তর :** তালগাছের পাতায় যখন বাতাস লাগে তখন সেগুলোকে সে তার পাখা মনে করে। তখন সে কালো মেঘ ভেদ করে আরও উপরে উড়ে যাওয়ার কথা ভাবে।

**পিরিয়ড ১১৩ | তাই তো-------- ফেলে তার।**

**প্রশ্ন ৪. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. তালগাছের ইচ্ছা কী?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা
**উত্তর :** তালগাছের ইচ্ছা– কালো মেঘ ফুঁড়ে আকাশে উড়ে যাবে।

**প্রশ্ন খ. তালগাছের কী নেই?**
**উত্তর :** তালগাছের পাখা নেই।

**প্রশ্ন ৫. নিচের শব্দগুলো থেকে যুক্তবর্ণযুক্ত শব্দের পাশে টিক চিহ্ন (✓) দাও।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

| প্রদত্ত শব্দ | যুক্তবর্ণযুক্ত শব্দ |
|---|---|
| ঝরঝর | |
| ইচ্ছা | |
| কুসুম | |
| ক্লাস | |
| লালবাগ | |
| কেল্লা | |
| সকাল | |
| সঙ্গে | |
| জাহাজ | |
| অন্ধকার | |

উত্তর :

| প্রদত্ত শব্দ | যুক্তবর্ণযুক্ত শব্দ |
|---|---|
| ঝরঝর | |
| ইচ্ছা | ✓ |
| কুসুম | |
| ক্লাস | ✓ |
| লালবাগ | |
| কেল্লা | ✓ |
| সকাল | |
| সঙ্গে | ✓ |
| জাহাজ | |
| অন্ধকার | ✓ |

**পিরিয়ড ১১৪** সারাদিন ঝরঝর---- যাবে ও।

**প্রশ্ন ৬. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. তালগাছের পাতা কেমন?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** তালগাছের পাতা পাখার মতো ছড়ানো।

**প্রশ্ন খ. পত্তর, থথর যুক্তবর্ণ দিয়ে দুটি করে বাক্য লেখ।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :**

পত্তর — ক. কাঁপে পাতা-পত্তর।
খ. বেশ কদিন হলো চিঠিপত্তর তো দেয় না।

থথর — ক. চোরগুলো পুলিশকে দেখে থথর করে কেঁপে উঠল।
খ. শীতের প্রকোপে দেহ থথর কেঁপে উঠে।

**প্রশ্ন ৭. তালগাছ কাকে ডানা ভাবছে?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** তালগাছ গোল গোল পাতাকে ডানা ভাবছে।

**পিরিয়ড ১১৫** তার পরে------ পৃথিবীর কোণটি।

**প্রশ্ন ৮. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. তালগাছের পাতা কী করে?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** তালগাছের পাতা ঝরঝর থথর করে কাঁপে।

**প্রশ্ন খ. কবিতার কয়েকটি লাইন লেখ।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :**

**তালগাছ**
রবীন্দ্রনাথ ঠাকুর

তার পরে হাওয়া যেই নেমে যায়,
পাতা-কাঁপা থেমে যায়,
ফেরে তার মনটি—
যেই ভাবে মা যে হয় মাটি তার,
ভালো লাগে আরবার
পৃথিবীর কোণটি।

**প্রশ্ন ৯. সঠিক উত্তরটি বল ও লেখ।**

ক. **তালগাছ মনে মনে কাকে মা বলে ভাবে?**
ক. মেঘকে  খ. আকাশকে
গ. মাটিকে  ঘ. পৃথিবীকে
**উত্তর :** গ. মাটিকে।

খ. **তালগাছের ইচ্ছা কখন বদলায়?**
ক. মায়ের কথা মনে হলে  খ. দিন শেষ হলে
গ. হাওয়া নেমে গেলে  ঘ. বেড়ানো শেষ হলে
**উত্তর :** গ. হাওয়া নেমে গেলে।

**প্রশ্ন ১০. প্রদত্ত শব্দ দিয়ে বাক্য রচনা কর।**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

| প্রদত্ত শব্দ | বাক্য |
|---|---|
| পাতা | ১. |
| মাটি | ১. |

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | বাক্য |
|---|---|
| পাতা | ১. গাছের পাতা সবুজ। |
| মাটি | ১. মাটি হলো মায়ের মতো। |

**পিরিয়ড ১১৬** সম্পূর্ণ কবিতা।

**প্রশ্ন ১১. 'ডান ও মানা' অন্ত্যমিলযুক্ত নতুন শব্দ লেখ।**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :**

ডান, মানা — কানা, হানা, নানা, জানা, খানা, শানা, রানা, ভানা, বানা, পানা।

**প্রশ্ন ১২. বাম পাশের শব্দগুলোর সাথে ডান পাশের শব্দগুলো মিল করে লেখ।**

ক. তালগাছ এক পায়ে দাঁড়িয়ে
সব গাছ ———। — আরবার

খ. তার পরে হাওয়া যেই নেমে যায়,
——— থেমে যায়, — পাতা-কাঁপা

গ. যেই ভাবে মা যে হয় মাটি তার,
ভালো লাগে ———
——— কোণটি। — ছাড়িয়ে / পৃথিবীর

**উত্তর :**

ক. তালগাছ এক পায়ে দাঁড়িয়ে
সব গাছ **ছাড়িয়ে**।

খ. তার পরে হাওয়া যেই নেমে যায়,
**পাতা-কাঁপা** থেমে যায়,

গ. যেই ভাবে মা যে হয় মাটি তার,
ভালো লাগে **আরবার**
**পৃথিবীর** কোণটি।

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ

## সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**প্রশ্ন ১. নিচের শব্দগুলোর অর্থ লেখ।**

ডানা, হাওয়া, কোণ, কাঁপা, উঁকি, উড়ে, ফেলে, এড়িয়ে।

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :**

ডানা — পাখা, পাখনা।
হাওয়া — বাতাস, বায়ু।
কোণ — কোনা, প্রান্ত, ধার।
কাঁপা — কম্পন, শিহরণ।
উঁকি — আড়াল থেকে দেখা।
উড়ে — শূন্যে বিচরণ করে।
ফেলে — ত্যাগ করে।
এড়িয়ে — অতিক্রম করে।

### বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

**প্রশ্ন ২. তালগাছ কোথায় উঁকি মারে?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** তালগাছ আকাশে উঁকি মারে।

**প্রশ্ন ৩. কী ফেলে তালগাছ উড়ে যাবে?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** বাসা ফেলে তালগাছ উড়ে যাবে।

**প্রশ্ন ৪. তালগাছের কোথায় যেতে ইচ্ছা করে?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** তালগাছের তারাদের এড়িয়ে আকাশে বেড়ানোর ইচ্ছা করে।

**প্রশ্ন ৫. তালগাছকে দেখে কী মনে হয়?**

**উত্তর :** তালগাছকে দেখে মনে হয় সে যেন এক পায়ে দাঁড়িয়ে সব গাছ ছাড়িয়ে আকাশে উঁকি মারছে।

**প্রশ্ন ৬. তালগাছ কীভাবে তার ইচ্ছাকে ছড়িয়ে দেয়?**

**উত্তর :** তালগাছ কালো মেঘমালাকে প্রচণ্ড বেগে উড়তে দেখে। তখন তালগাছের পাতাও জোরে জোরে কাঁপতে থাকে। তালগাছ তার পাতাকে ডানা ভেবে তখন আকাশে উড়তে চায়। এভাবে তালগাছ তার ইচ্ছাকে ছড়িয়ে দেয়।

**প্রশ্ন ৭. তালগাছ পাখা চায় কেন?**

**উত্তর :** তালগাছ আকাশে মেঘমালাকে উড়তে দেখে। মেঘের মতো তারও ইচ্ছা হয় আকাশে ওড়ার। তাই সে পাখা চায়।

### পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

**প্রশ্ন ৮. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. কবিতার চরণগুলো সাজিয়ে লেখ।**

উঁকি মারে আকাশে।
তালগাছ এক পায়ে দাঁড়িয়ে
সব গাছ ছাড়িয়ে
মনে সাধ, কালো মেঘ ফুঁড়ে যায়
কোথা পাবে পাখা সে?
একেবারে উড়ে যায়;

**উত্তর :**

তালগাছ এক পায়ে দাঁড়িয়ে
সব গাছ ছাড়িয়ে
উঁকি মারে আকাশে।
মনে সাধ, কালো মেঘ ফুঁড়ে যায়
একেবারে উড়ে যায়;
কোথা পাবে পাখা সে?

**প্রশ্ন খ. কে আকাশে উঁকি মারে?**

**উত্তর :** তালগাছ আকাশে উঁকি মারে।

**প্রশ্ন ৯. নিচের শব্দগুলোর সমার্থক শব্দ লেখ।**

পৃথিবী, মাটি, মা, গাছ, পাতা, আকাশ।

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | সমার্থক শব্দ |
|---|---|
| পৃথিবী | ধরণি, ধরা |
| মাটি | মৃত্তিকা, মৃৎ |
| মা | জননী, জন্মদাত্রী |
| গাছ | তরু, বৃক্ষ |
| পাতা | পত্র, পল্লব |
| আকাশ | অম্বর, গগন |

### লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

**প্রশ্ন ১০. সঠিক শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ কর।**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

ইচ্ছাটি, পত্তর, দাঁড়িয়ে, ফুঁড়ে।

ক. এক পায়ে — ।
খ. কালো মেঘ — যায়।
গ. — মেলে তার।
ঘ. কাঁপে পাতা— ।

**উত্তর :**

ক. এক পায়ে **দাঁড়িয়ে**।
খ. কালো মেঘ **ফুঁড়ে** যায়।
গ. **ইচ্ছাটি** মেলে তার।
ঘ. কাঁপে পাতা-**পত্তর**।

**প্রশ্ন ১১. নিচের শব্দগুলো থেকে যুক্তবর্ণযুক্ত শব্দের পাশে টিক চিহ্ন (✓) দাও।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

| প্রদত্ত শব্দ | যুক্তবর্ণযুক্ত শব্দ |
|---|---|
| হিজরত | |
| শান্তি | |
| জন্ম | |
| উত্তপ্ত | |
| কমলা | |
| মুদ্রা | |
| সোনালি | |

উত্তর :

| প্রদত্ত শব্দ | যুক্তবর্ণযুক্ত শব্দ |
|---|---|
| চিত্তরত |  |
| শান্তি | ✓ |
| জন্ম | ✓ |
| উত্তপ্ত | ✓ |
| কমলা |  |
| মুদ্রা | ✓ |
| সোনালি |  |

প্রশ্ন ১২. কবিতায় প্রদত্ত অন্ত্যমিলযুক্ত শব্দ দিয়ে নতুন অন্ত্যমিলযুক্ত শব্দ লেখ। ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

| কবিতায় প্রদত্ত অন্ত্যমিলযুক্ত শব্দ | অন্ত্যমিলযুক্ত নতুন শব্দ |
|---|---|
| দাঁড়িয়ে<br>ছাড়িয়ে |  |
| উড়ে<br>ফুঁড়ে |  |
| মাতাতে<br>পাতাতে |  |

উত্তর :

| কবিতায় প্রদত্ত অন্ত্যমিলযুক্ত শব্দ | অন্ত্যমিলযুক্ত নতুন শব্দ |
|---|---|
| দাঁড়িয়ে<br>ছাড়িয়ে | বাড়িয়ে<br>নাড়িয়ে |
| উড়ে<br>ফুঁড়ে | জুড়ে<br>মোড়ে |
| মাতাতে<br>পাতাতে | খাতাতে<br>দেখাতে |

দলগত কাজ

প্রশ্ন ১৩. কবিতার পরের লাইন বল (প্রথম ৮ লাইন থেকে)। ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

তালগাছ এক পায়ে দাঁড়িয়ে
____________

মনে সাধ, কালো মেঘ ফুঁড়ে যায়
____________

তাই তো সে ঠিক তার মাথাতে
____________

মনে মনে ভাবে, বুঝি ডানা এই,
____________

উত্তর :

তালগাছ এক পায়ে দাঁড়িয়ে
সব গাছ ছাড়িয়ে

মনে সাধ, কালো মেঘ ফুঁড়ে যায়
একেবারে উড়ে যায়;

তাই তো সে ঠিক তার মাথাতে
গোল গোল পাতাতে

মনে মনে ভাবে, বুঝি ডানা এই,
উড়ে যেতে মানা নেই

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/অভিভাবকগণ নিচের 'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক' ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক (✓) চিহ্ন প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

| শিখনযোগ্যতা/ পারদর্শিতার সূচক | সাহায্য প্রয়োজন | ভালো | উত্তম |
|---|---|---|---|
| কবিতার নাম বলতে পেরেছে। |  |  |  |
| স্পষ্ট উচ্চারণে কবিতা আবৃত্তি করতে পেরেছে। |  |  |  |
| যুক্তবর্ণযোগে গঠিত শব্দ শনাক্ত করে পড়তে পেরেছে। |  |  |  |
| পাঠের অন্তর্ভুক্ত কবিতার চরণ মিল করতে পেরেছে। |  |  |  |
| যুক্তবর্ণ দিয়ে শব্দ বলতে পেরেছে। |  |  |  |
| স্পষ্ট উচ্চারণে ছড়া (আংশিক) আবৃত্তি করতে পেরেছে। |  |  |  |
| পাঠের অন্তর্ভুক্ত ছড়ার চরণ দেখে দেখে বা না দেখে লিখতে পেরেছে। |  |  |  |

| শিখনযোগ্যতা/ পারদর্শিতার সূচক | সাহায্য প্রয়োজন | ভালো | উত্তম |
|---|---|---|---|
| শব্দ শনাক্ত করতে পেরেছে। | | | |
| পাঠ্যাংশ পড়ে প্রশ্নের উত্তর দিতে পেরেছে। | | | |
| কবিতা শুনে অন্ত্যমিল শনাক্ত করতে পেরেছে। | | | |
| কবিতার বিষয় বুঝে নিজের মতো করে বলতে পেরেছে। | | | |

## ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐ ধারাবাহিক মূল্যায়ন সময় :..............

শিক্ষার্থীর নাম :.............................. শ্রেণি :.............................. রোল নম্বর : ☐

১। নিচের শব্দগুলো দিয়ে বাক্য রচনা কর।
তালগাছ, মেঘ, ইচ্ছা, ঝরঝর, হাওয়া, পৃথিবী

২। নিচের প্রশ্নগুলোর সঠিক উত্তরটি লেখ।

ক. তালগাছ উঁকি মারে—
ক. আকাশে খ. বাতাসে
গ. জানালায় ঘ. দরজায়

খ. তালগাছের মনের ইচ্ছা—
ক. সব গাছের চেয়ে উঁচুতে উঠবে
খ. কালো মেঘ ফুঁড়ে উড়ে যাবে
গ. আকাশে উঁকি মেরে দেখবে
ঘ. এক পায়ে দাঁড়িয়ে থাকবে

গ. বাতাস হলে তালগাছের—
ক. পাতা কাঁপা থেমে যায় খ. মনের ইচ্ছা থেমে যায়
গ. থত্থর করে পাতা কাঁপে ঘ. থত্থর করে পা কাঁপে

৩। গাছ আমাদের কী কী কাজে লাগে?

______________________________
______________________________
______________________________
______________________________
______________________________
______________________________

৪। কবিতার চরণগুলো সাজিয়ে লেখ।
উঁকি মারে আকাশে।
তালগাছ এক পায়ে দাঁড়িয়ে
সব গাছ ছাড়িয়ে
মনে সাধ, কালো মেঘ ফুঁড়ে যায়
কোথা পাবে পাখা সে?
একেবারে উড়ে যায়;

### উত্তরমালা

১ ▸

| | |
|---|---|
| তালগাছ | তালগাছ অনেক উঁচু হয়। |
| মেঘ | আকাশে কালো মেঘ জমেছে। |
| ইচ্ছা | শিশুটির মেঘ ছুতে ইচ্ছা করে। |
| ঝরঝর | আজ সারাদিন ঝরঝর বৃষ্টি হচ্ছে । |
| হাওয়া | হাওয়া থেমে যাওয়ায় পাতাগুলো নড়ছে না। |
| পৃথিবী | তালগাছটির ভালো লাগে পৃথিবীর কোণটি। |

২ ▸ (ক) ক. আকাশে।
(খ) খ. কালো মেঘ ফুঁড়ে উড়ে যাবে।
(গ) গ. থত্থর করে পাতা কাঁপে।

৩ ▸ ক. গাছ থেকে আমরা অক্সিজেন পাই।
খ. গাছ প্রকৃতির ভারসাম্য রক্ষা করে প্রাকৃতিক দুর্যোগ থেকে আমাদের রক্ষা করে।
গ. ফলদ, বনজ ও ঔষধি গাছের অবদান অপরিসীম।
ঘ. ঘরবাড়ি নির্মাণ, আসবাবপত্র তৈরি ও জ্বালানি কাঠ হিসেবে গাছ ব্যবহৃত হয়।

৪ ▸ কবিতার চরণগুলো সাজিয়ে লেখা হলো—

তালগাছ এক পায়ে দাঁড়িয়ে
সব গাছ ছাড়িয়ে
উঁকি মারে আকাশে।
মনে সাধ, কালো মেঘ ফুঁড়ে যায়
একেবারে উড়ে যায়;
কোথা পাবে পাখা সে?

মূল্যায়ন রিপোর্ট : শিখনের অর্জিত মাত্রা ☐